(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর,
আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

তারিখ: ৪ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০১.২২.৩৪

বিষয়: **দ্বাদশ জাতীয় সংসদের প্রথম (২০২৪ খ্রিস্টাব্দের ১ম) অধিবেশনের কার্যক্রম এবং মাননীয় স্পীকার ও মাননীয় ডেপুটি স্পীকার-এর শপথ গ্রহণ অনুষ্ঠান সরাসরি সম্প্রচার।**

সূত্র: বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় লেজিসলেটিভ সাপোর্ট উইং আইন শাখা-১ এর ১৫-০১-২০২৪ তারিখের পত্র নম্বর-১১.০০.০০০০.৮৬২.০৯.০০১.২৪.১৬

আগামী ১৬ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ/ ৩০ জানুয়ারি ২০২৪ খ্রি: তারিখ মঙ্গলবার বিকাল ৩:০০ ঘটিকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন দ্বাদশ জাতীয় সংসদের প্রথম (২০২৪ খ্রিস্টাব্দের ১ম) অধিবেশন আহ্বান করেছেন। উক্ত অধিবেশনে মহামান্য রাষ্ট্রপতির ভাষণ, সংসদ অধিবেশনের প্রতিদিনের কার্যক্রম এবং মাননীয় স্পীকার ও মাননীয় ডেপুটি স্পীকার-এর শপথ গ্রহণ অনুষ্ঠান জাতীয় সংসদ ভবন থেকে বিটিসিএল লাইন/ বিটিভির আউটপুটের মাধ্যমে বাংলাদেশ বেতারের নিম্নোক্ত ছকে বর্ণিত ফ্রিকোয়েন্সি, ওয়েবসাইট ও মোবাইল অ্যাপ এ সরাসরি সম্প্রচার করবে।

| ক্রম | অনুষ্ঠান | ফ্রিকোয়েন্সি |
|---|---|---|
| ০১. | সংসদের প্রারাম্ভিক কার্যক্রম এবং মাননীয় স্পীকার ও মাননীয় ডেপুটি স্পীকার-এর শপথ গ্রহণ অনুষ্ঠান | ঢাকাস্থ মধ্যম তরঙ্গ ৬৯৩ কি.হা., এফএম ৯২ মেহা. ও ট্রাফিক সম্প্রচার কার্যক্রম ৮৮.৮ মে.হা., এবং ওয়েবসাইট www.betar.gov.bd ও মোবাইল অ্যাপ: Bangladesh Betar থেকে সরাসরি সম্প্রচার হবে। একই সাথে বাংলাদেশ বেতারের সকল আঞ্চলিক কেন্দ্রের মধ্যম তরঙ্গ ও সংশ্লিষ্ট এফএম. ব্যান্ডে সংসদের প্রারাম্ভিক কার্যক্রম ও শপথ গ্রহণ অনুষ্ঠান এবং দ্বাদশ জাতীয় সংসদের প্রথম (২০২৪ খ্রিস্টাব্দের ১ম) অধিবেশনের উদ্বোধনীর কার্যক্রম রিলে করবে। তবে এনএইচকে-র অনুষ্ঠান এবং ট্রাফিক সম্প্রচার কার্যক্রম এফএম ৮৮.৮ মেগাহার্জে রাত ৮টা ৩০মিনিটের সংবাদ যথারীতি প্রচার হবে। এক্ষেত্রে আঞ্চলিক কেন্দ্রসমূহের বিকল্প এফএম. ব্যান্ডে (যদি থাকে) তবে সংসদের ১ম অধিবেশনের উদ্বোধনী দিনের কার্যক্রম রিলে হবে। |
| ০২. | দ্বাদশ জাতীয় সংসদের প্রথম (২০২৪ খ্রিস্টাব্দের ১ম) অধিবেশনের উদ্বোধনী দিনে মহামান্য রাষ্ট্রপতির ভাষণ। | |
| ০৩. | সংসদ অধিবেশনের প্রতিদিনের কার্যক্রম | মধ্যম তরঙ্গ ৬৯৩ কি.হা. ও এফএম ৯২ মে.হা.এবং ওয়েবসাইট www.betar.gov.bd ও মোবাইল অ্যাপ: Bangladesh Betar থেকে সরাসরি সম্প্রচার হবে। |
| ০৪. | ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান, জাতীয় অনুষ্ঠান, আযান, সংবাদ ও আবহাওয়া বার্তা | মধ্যম তরঙ্গ ৮১৯ কিলোহার্জ ও এফএম ১০৬ মেগাহার্জে প্রচার হবে। ঢাকা-খ এর অনুষ্ঠানসমূহ ঢাকা-গ ১১৭০ কিলোহার্জে প্রচার হবে এবং ঢাকা-গ এর পূর্বনির্ধারিত অনুষ্ঠন প্রচার বন্ধ থাকবে। |

২। ঢাকা কেন্দ্র ব্যতীত অন্যান্য আঞ্চলিক কেন্দ্রের সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অধিবেশন শুরুর ১৫ মিনিট আগে চালু হয়ে প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।

৩। জাতীয় সংসদ অধিবেশন কার্যক্রম দুপুর ১২টার পর ও চলতে থাকলে, ঢাকা-ক পূর্ব নির্ধারিত সময়ে বিরত না হয়ে সংসদ অধিবেশন কার্যক্রম প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।

৪। জাতীয় সংসদ অধিবেশন চলাকালীন ৬৯৩ কিলোহার্জে বিঘ্ন ঘটলে, সংসদ অধিবেশন ঢাকা-খ ৮১৯ কিলোহার্জে তাৎক্ষনিক প্রচার শুরু হবে এবং ঢাকা-ক এর পূর্বনির্ধারিত অনুষ্ঠান ১১৭০ কিলোহার্জে প্রচার হবে। ঢাকা খ এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে। এক্ষেত্রে সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা বিঘ্নের প্রতিবেদন (কারণসহ) নিকস ফন্টে হার্ডকপি ও সফটকপি (programlivebb@gmail.com) সদর দপ্তরে প্রেরণ করবেন।

৫। সংসদ অধিবেশন চলাকালীন রাষ্ট্রীয় অনুষ্ঠান ৬৩০ কিলোহার্জ এবং এফএম ১০৬ মেগাহার্জ হতে প্রচার হবে এবং ঢাকা ক এর পূর্ব নির্ধারিত সকল অনুষ্ঠান ঢাকা খ-৮১৯ কিলোহার্জে প্রচার হবে। বাণিজ্যিক কার্যক্রমের অনুষ্ঠান এফএম ১০৪ মেগাহার্জে প্রচার হবে।

৬। জাতীয় সংসদ অধিবেশনের কার্যক্রম প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, জাতীয় সংসদ ভবনে দুইটি (০২) এবং জাতীয় সংসদ ভবনের শপথ গ্রহণস্থলে দুটি (০২) করে মোট চারটি (০৪) টেলিফোন লাইন (ক্যাজুয়াল) সংযোগ স্থাপনের ব্যবস্থা গ্রহণ করবেন। টেলিফোন সংযোগের ব্যয় সংশ্লিষ্ট পরিচালকের খাত থেকে নির্বাহ করবেন।

৭। সংসদ অধিবেশনের কার্যক্রম সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, সংসদ ভবনের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় যন্ত্রপাতি দিয়ে বেতার সম্প্রচার বুথ স্থাপনসহ যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন। এছাড়া তিনি সকল আঞ্চলিক প্রকৌশলীগণের সাথে সমন্বয় করে আঞ্চলিক কেন্দ্রসমূহ থেকে রিলের ব্যবস্থা গ্রহণ করবেন।

৮। জাতীয় সংসদের কার্যক্রম প্রচারকালীন এফএম ১০৬.০ মে.হা প্রচারিতব্য ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান, সংবাদ, আযান, জাতীয় অনুষ্ঠান ও আবহাওয়াবার্তা এবং ৩০ জানুয়ারি ২০২৪ তারিখে ৬৯৩ কি.হা প্রচারিতব্য সংসদ অধিবেশন স্যাটেলাইটে আপলিঙ্ক করার জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৯। সংসদ অধিবেশনের কার্যক্রম সম্প্রচারের জন্য পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও উপস্থাপক-উপস্থাপিকাদের নিরাপত্তা পাশ সংগ্রহ করবেন। এছাড়া সংশ্লিষ্ট পরিচালক/ আঞ্চলিক পরিচালকগণ সংসদ অধিবেশনপ্রচারের পূর্বে স্ব স্ব ক্ষেত্রে ঘোষণা/প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিত করবেন ও সংশ্লিষ্ট সকলের (প্রকৌশল ও বার্তাশাখাসহ) সাথে যোগাযোগ এবং সমন্বয়সহ প্রচার নিশ্চিত করবেন।

১০। সংসদ অধিবেশন সুষ্ঠুভাবে প্রচারের জন্য পরিচালক/ আঞ্চলিক পরিচালকগণ, স্ব স্ব ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীদের পূর্বাহ্নে দায়িত্ব অর্পণ করবেন এবং তিনি/তাঁর প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে সংসদ অধিবেশন সম্প্রচার তত্ত্বাবধানসহ তা যথাসময়ে সম্প্রচার নিশ্চিত করবেন।

১১। সংসদের কার্যক্রম প্রচারকালীন ফিলার প্রচারে সংশ্লিষ্ট শাখা অনুমোদিত সংগীত/অনুষ্ঠান/গানের তালিকা অনুসরণ করবে।

১২। সংসদ অধিবেশনের প্রতিদিনের কার্যক্রমের সময়সূচি পরিবর্তন হলে পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা এবং সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন জাতীয় সংসদ সচিবালয়ের সাথে যোগাযোগপূর্বক যথাসময়ে সংসদ অধিবেশন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্প্রচার নিশ্চিত করবেন। এবং সময়সূচি পরিবর্তনের বিষয়ে প্রচার সংশ্লিষ্ট সকল পরিচালক/ আঞ্চলিক পরিচালককে অবহিত করবেন।

১৩। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা-সংসদ অধিবেশনের প্রতিদিনের কার্যক্রমের ওপর প্রতিবেদন সংবাদে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪। সংসদ অধিবেশনের কার্যক্রম শুরুর ১ঘন্টা পূর্বে সংসদ ভবনে উপস্থিতির জন্য সংশ্লিষ্ট দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের নির্দেশনা দেয়া হলো।

১৫। আঞ্চলিক পরিচালক, বেতার প্রকাশনা দপ্তর বর্ণিত অনুষ্ঠানের সংশ্লিষ্ট বিষয়াদির ছবি পিআইডি হতে সংগ্রহপূর্বক যথাযথ ক্যাপশন ও তথ্যাদি সহ ‘বেতার বাংলা’য় প্রকাশ করবেন।

১৬। পরিচালক, লিয়াজোঁ, সদর দপ্তর এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন।

১৭। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৫-০১-২০২৪
মোঃ ছালাহ উদ্দিন
অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান) ফোন:
০২-৪৪৮১৩০৬৭
adgprogramme@gmail.com

।

৪ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ

**স্মারক নম্বর:** ১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০১.২২.৩৪/১ (১৫)

তারিখ: ১৮ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গাভবন, ঢাকা;

২। অতিরিক্ত মহাপরিচালক (বার্তা)/ প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ);

৩। পরিচালক/সিনিয়র প্রকৌশলী, বাংলাদেশ বেতার ঢাকা/জাতীয় বেতার ভবন, আগারগাঁও ঢাকা;

৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী/সিনিয়র প্রকৌশলী, মহাশক্তি প্রেরণ কেন্দ্র বাংলাদেশ বেতার ধামরাই/গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);

৫। আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১ ও ২ সাভার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৩, নওয়াপাড়া, যশোর/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৪, কালুরঘাট, চট্টগ্রাম/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৫, কাহালু, বগুড়া;

৬। পরিচালক, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/বাণিজ্যিক কার্যক্রম/ট্রাফিক সম্প্রচার কার্যক্রম/লিয়াজোঁ/কেন্দ্রীয় বার্তা সংস্থা আগারগাঁও, ঢাকা;

৭। আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক প্রকৌশলী/আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, খুলনা/ রাজশাহী/ রংপুর/ সিলেট/ বরিশাল/ ঠাকুরগাঁও/ কক্সবাজার/ রাঙামাটি/ বান্দরবান/ কুমিল্লা/ গোপালগঞ্জ/ ময়মনসিংহ/ ও বেতার প্রকাশনা দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা;

৮। স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস, আগারগাঁও, ঢাকা/নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা;

৯। মাননীয় স্পীকারের একান্ত সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা (মাননীয় স্পীকার মহোদয়ের সদয় অবগতির জন্য);

১০। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ জাতীয় সংসদস চিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);

১১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);

১২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);

১৩। অতিরিক্ত মহাপরিচালক অনুষ্ঠান, এর একান্ত সহকারী বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);

১৪। উপ মহাপরিচালক অনুষ্ঠান, এর একান্ত সহকারী বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (উপমহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে) এবং

১৫। নথি।

২৫-০১-২০২৪
কামাল আহমেদ
উপমহাপরিচালক (অনুষ্ঠান) ফোন:০২-৪৪৮১৩০২৯